



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৭.২০.২৪৫

তারিখ: ৮ চৈত্র ১৪২৭

২২ মার্চ ২০২১

বিষয়: সিলেট জেলার ব্লবার্ড হাই স্কুল এন্ড কলেজ এর কলেজ শাখার ২ জন শিক্ষকের এম.পি.ও ভুক্তির আবেদন না করার বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরি প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার ব্লবার্ড হাই স্কুল এন্ড কলেজ এর কলেজ শাখার শিক্ষক জনাব রোকসানা বেগম, প্রভাষক(বাংলা) ও জনাব আবু সাইদ, প্রভাষক(ইংরেজি)কে এম.পি.ও ভুক্তির তালিকা থেকে বাদ দেয়া হয়েছে মর্মে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে অভিযোগ দায়ের করেন। অভিযোগটি মাউশি অধিদপ্তর থেকে তদন্ত করা হয়েছে।

প্রতিবেদন নিম্নরূপ : জনাব রোকসানা বেগম, প্রভাষক(বাংলা) ও জনাব আবু সাইদ, প্রভাষক(ইংরেজি) শিক্ষকদ্বয় মাধ্যমিক পর্যায়ের এম.পি.ও ভুক্ত শিক্ষক(ইনডেক্স নং ২৬৩৭৫১ ও ১৩৮৫৩৯)। তাদেরকে সরকারি বিধি মোতাবেক কলেজ পর্যায়ে প্রভাষক হিসেবে নিয়োগ প্রদান করেন এবং নিয়োগপত্রে পূর্ব পদের এম.পি.ও উত্তোলন করবেন মর্মে নিয়োগপত্র প্রদান করা হয়। সে মোতাবেক অভিযোগকারী শিক্ষকগণ কলেজ পর্যায়ের এম.পি.ও ভুক্তির পূর্ব পর্যন্ত সহকারী শিক্ষক হিসেবে বেতন ভাতা উত্তোলন করেন। কিন্তু এখানে উল্লেখ্য যে, স্কুল পর্যায় থেকে কলেজ পর্যায়ে নিয়োগ প্রদান করা হলেও তারা স্কুল পর্যায়ের সহকারী শিক্ষক পদ থেকে পদত্যাগ করেননি এবং বেতন ভাতা উত্তোলন অব্যাহত রাখেন। অপরপক্ষে কলেজ অধ্যক্ষ জানান, তিনি অভিযোগকারী শিক্ষকদ্বয়ের নাম ম্যানেজিং কমিটির সভাপতি বরাবরে প্রস্তাব পেশ করেন। কিন্তু সভাপতি ভিন্নমত পোষণ করেন এবং দুই জন নিয়োগপ্রাপ্ত শিক্ষককে এম.পি.ও এর জন্য মাউশিতে পাঠান। কলেজ পর্যায়ে বাংলা ও ইংরেজি বিষয়ে নিয়োগ বিধি অনুসরণ করে একাধিক প্রভাষক নিয়োগ প্রদান করা হয়েছে এবং তারা এখনও কর্মরত আছেন।

এমতাবস্থায়, সিলেট জেলার ব্লবার্ড হাই স্কুল এন্ড কলেজ এর কলেজ শাখার শিক্ষক জনাব রোকসানা বেগম, প্রভাষক (বাংলা) ও জনাব আবু সাইদ, প্রভাষক(ইংরেজি) কে এম.পি.ও ভুক্তির আবেদন প্রেরণ না করার বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-৩-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

সভাপতি, গর্ভনিং বডি, ব্লবার্ড হাই স্কুল এন্ড কলেজ,
সিলেট।